★ শৃঙ্খলা ★ নিরাপত্তা ★ প্রগতি

# ক্যাডেট সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র) পদে নিয়োগ বিজ্ঞপ্তি ২০২১

## চাকরি নয়, সেবা



**অনলাইনে আবেদনের সময়সীমা ৮ অক্টোবর ২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ৪ নভেম্বর ২০২১ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত**

**ক্যাডেট সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র) পদে নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার আর্থিক লেনদেনে জড়িত হলে গ্রেফতার ও নিয়োগ বাতিল করা হবে**

বাংলাদেশ পুলিশ বাহিনীর সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র) পদের প্রকৃত শূন্যপদের বিপরীতে ক্যাডেট সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) হিসেবে নিয়োগের লক্ষ্যে উপযুক্ত আগ্রহী পুরুষ ও নারী প্রার্থীদের অনলাইনে আবেদন আহ্বান করা হচ্ছে। আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদনের জন্য প্রযোজ্য শর্তাবলিসহ অন্যান্য তথ্যাদি ও পরীক্ষার সময়সূচি নিম্নে উল্লেখ করা হলো-

## ১. প্রার্থীর যোগ্যতা

১.১ প্রার্থীর বয়স:

| বয়সসীমা | বয়সসীমা নির্ধারণের তারিখ |
|---|---|
| ১৯ হতে ২৭ বছর | যে সকল প্রার্থীর বয়স ৮ অক্টোবর ২০২১ তারিখে বর্ণিত বয়সসীমার মধ্যে থাকবে তারা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে। তবে ২৫ মার্চ ২০২০ তারিখে যারা সর্বোচ্চ বয়সসীমা অতিক্রম করেছে, তারাও আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে। এ ক্ষেত্রে এসএসসি বা সমমানের সার্টিফিকেটে উল্লিখিত জন্ম তারিখই চূড়ান্ত বলে গণ্য হবে। উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা বা শহিদ মুক্তিযোদ্ধার সন্তানদের বয়স প্রমার্জনের ক্ষেত্রে সরকারের বিদ্যমান নিয়ম অনুসৃত হবে। |

১.২ শিক্ষাগত যোগ্যতা: অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রির অধিকারী এবং কম্পিউটারে দক্ষতা সম্পন্ন হতে হবে।

১.৩ জাতীয়তা: প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক (পুরুষ ও নারী) হতে হবে।

১.৪ বৈবাহিক অবস্থা: প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে (তালাকপ্রাপ্ত/তালাকপ্রাপ্তা গ্রহণযোগ্য নয়) এবং শিক্ষানবিশকাল শেষ না হওয়া পর্যন্ত অবশ্যই তাকে অবিবাহিত থাকতে হবে।

১.৫ প্রার্থীর শারীরিক মাপ:

| বিবরণ | পুরুষ প্রার্থী | নারী প্রার্থী |
|---|---|---|
| উচ্চতা | কমপক্ষে ৫ ফুট ৬ ইঞ্চি | কমপক্ষে ৫ ফুট ৪ ইঞ্চি |
| বুকের মাপ | বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৩২ ইঞ্চি এবং সম্প্রসারিত অবস্থায় ৩৪ ইঞ্চি | - |
| ওজন | বয়স ও উচ্চতার সাথে ওজন অনুমোদিত পরিমাপের হতে হবে | বয়স ও উচ্চতার সাথে ওজন অনুমোদিত পরিমাপের হতে হবে |
| দৃষ্টিশক্তি | ৬/৬ | ৬/৬ |

## ২. শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষার জন্য অনলাইনে আবেদন দাখিলের নিয়মাবলি

২.১ প্রথম ধাপ:

২.১.১ http://police.teletalk.com.bd লিংকে প্রবেশ করে শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষা বা Physical Endurance Test-এর জন্য আবেদনফরম পূরণ করতে হবে। উক্ত লিংকে আবেদনফরম সঠিকভাবে পূরণের লক্ষ্যে সহায়ক ভিডিও টিউটোরিয়াল এবং ফরম পূরণের নির্দেশিকা দেয়া থাকবে। এ ছাড়া উক্ত লিংকের Help অপশন ব্যবহার করে ফরম পূরণের প্রয়োজনীয় সহায়তা নেয়া যাবে;

২.১.২ অনলাইনে আবেদনের সময়সীমা ৮ অক্টোবর ২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ৪ নভেম্বর ২০২১ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত বহাল থাকবে;

২.১.৩ আবেদনফরম পূরণ করার অব্যবহিত পরে প্রত্যেক যোগ্য প্রার্থী তার ব্যবহৃত মোবাইল নম্বরে একটি USER ID পাবে। এ ক্ষেত্রে প্রার্থীকে আবেদনফরম পূরণের ৭২ ঘণ্টার মধ্যে যে কোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর হতে ৩০/- (ত্রিশ) টাকা (অফেরতযোগ্য) সার্ভিস চার্জ বাবদ জমা দিতে হবে;

২.১.৪ অনলাইন আবেদনফরমে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে;

২.১.৫ অনলাইন আবেদনফরমে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে বিধায় অনলাইনে আবেদনফরম সাবমিট করার পূর্বে সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে; এবং

২.১.৬ প্রার্থীকে অনলাইনে পূরণকৃত আবেদনফরমের একটি রঙিন/সাদাকালো প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে।

২.২ দ্বিতীয় ধাপ:

প্রত্যেক প্রার্থীকে তার USER ID ব্যবহার করে কমপক্ষে ৩০/- (ত্রিশ) টাকা ব্যালেন্স রয়েছে এমন যে কোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর হতে দুইটি এসএমএস (SMS) করতে হবে;

প্রথম এসএমএস (SMS): SIP<space>USER ID লিখে 16222 নম্বরে Send করতে হবে; Example: SIP ABCDEF

Reply: "Applicant's Name", TK 30/- will be charged as service charge for PET of Cadet Sub-Inspector (Unarmed) Recruitment Application. Your PIN NUMBER is xxxxxxxxxx (10 digits). To pay fee, type SIP<space>YES<space>PIN NUMBER & Send to 16222.

দ্বিতীয় এসএমএস (SMS): SIP<space>YES<space>PIN NUMBER লিখে 16222 নম্বরে Send করতে হবে; Example: SIP YES 1234567890

Reply: Congrats! "Applicant's Name", payment completed successfully for the application of PET of Cadet Sub-Inspector (Unarmed) Recruitment Examination. USER ID is (ABCDEF) and PASSWORD is (xxxxxxxxxx).

২.৩ হেল্পলাইন:

২.৩.১ যে কোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত এসএমএস (SMS) পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ USER ID এবং PASSWORD পুনরুদ্ধার করতে পারবে;

ক. USER ID জানা থাকলে SIP<space>HELP<space>USER<space>USER ID লিখে 16222 নম্বরে Send করতে হবে;
Example: SIP HELP USER ABCDEF

খ. PIN NUMBER জানা থাকলে SIP<space>HELP<space>PIN<space>PIN NUMBER লিখে 16222 নম্বরে Send করতে হবে;
Example: SIP HELP PIN 1234567890

**২.৩.২ অনলাইনে আবেদনফরম পূরণের ক্ষেত্রে যে কোনো টেলিটক মোবাইল নম্বর হতে ১২১ নম্বরে কল করে প্রথমে ৮ অতঃপর ১ এ Press করে এজেন্টের মাধ্যমে এবং প্রয়োজনে অন্য যে কোনো অপারেটরের মোবাইল নম্বর হতে ০১৫০০১২১১২১ নম্বরে সরাসরি কল করে সহযোগিতা নেয়া যাবে।**

## ৩. ওয়েববেজড প্রিলিমিনারি স্ক্রিনিং

৩.১ অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে এসএসসি বা সমমান পরীক্ষার ফলাফল, এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফল, ডিগ্রি বা স্নাতক বা সমমান পরীক্ষার ফলাফল এবং উচ্চতার উপর ভিত্তি করে নির্ধারিত নিয়োগবিধি মোতাবেক ওয়েববেজড প্রিলিমিনারি স্ক্রিনিং-এর মাধ্যমে নির্দিষ্ট সংখ্যক যোগ্য প্রার্থীর শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষা বা Physical Endurance Test (PET)-এর জন্য বাছাই করা হবে; এবং

৩.২ অনলাইনে আবেদনের পর ওয়েববেজড প্রিলিমিনারি স্ক্রিনিং সম্পন্ন করে শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষা বা Physical Endurance Test (PET)-এর জন্য বাছাইকৃত প্রার্থীদের মোবাইল নম্বরে এসএমএস (SMS) এর মাধ্যমে অবহিত করা হবে।

## ৪. শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষার প্রবেশপত্র বা Admit Card সংগ্রহকরণ

৪.১ ওয়েববেজড প্রিলিমিনারি স্ক্রিনিং-এ বাছাইকৃত প্রার্থীদের এসএমএস (SMS)-এ প্রেরিত USER ID এবং PASSWORD ব্যবহার করে http://police.teletalk.com.bd লিংকে প্রবেশকরত USER ID, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষাকেন্দ্রের নামসহ অন্যান্য তথ্যাদি সংবলিত Admit Card for Physical Endurance Test ডাউনলোড করে দুই কপি প্রিন্ট করতে হবে; এবং

৪.২ শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই এ প্রবেশপত্রের দুই কপি সঙ্গে আনতে হবে।

## ৫. শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষা

৫.১ শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত তারিখ ও সময়সূচি অনুযায়ী প্রার্থীদের নিজ রেঞ্জাধীন নিম্নোক্ত পরীক্ষাকেন্দ্রের মাঠে উপস্থিত থাকতে হবে-

| ক্রম | রেঞ্জ/বিভাগ | শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষার তারিখ (সকাল ৯.০০ টা) ও নির্ধারিত জেলাসমূহ | | | |
|---|---|---|---|---|---|
| | | ২৮-৩০ নভেম্বর ২০২১ | ২-৪ ডিসেম্বর ২০২১ | ৬-৮ ডিসেম্বর ২০২১ | পরীক্ষাকেন্দ্রের নাম |
| ১. | ঢাকা | ঢাকা, নারায়ণগঞ্জ, রাজবাড়ী ও মাদারীপুর | কিশোরগঞ্জ, নরসিংদী, গাজীপুর ও গোপালগঞ্জ | টাঙ্গাইল, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, ফরিদপুর ও শরীয়তপুর | ঢাকা জেলা পুলিশ লাইনস্, মিলব্যারাক, ঢাকা |
| ২. | ময়মনসিংহ | ময়মনসিংহ ও শেরপুর | জামালপুর ও নেত্রকোণা | - | ময়মনসিংহ জেলা পুলিশ লাইনস্, ময়মনসিংহ |
| ৩. | চট্টগ্রাম | চট্টগ্রাম, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি | ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, ফেনী ও কক্সবাজার | কুমিল্লা, নোয়াখালী ও লক্ষ্মীপুর | চট্টগ্রাম জেলা পুলিশ লাইনস্, হালিশহর, চট্টগ্রাম |
| ৪. | রাজশাহী | রাজশাহী ও নাটোর | পাবনা, নওগাঁ ও চাঁপাইনবাবগঞ্জ | বগুড়া, সিরাজগঞ্জ ও জয়পুরহাট | রাজশাহী জেলা পুলিশ লাইনস্, রাজশাহী |
| ৫. | রংপুর | রংপুর, পঞ্চগড় ও লালমনিরহাট | ঠাকুরগাঁও, গাইবান্ধা ও কুড়িগ্রাম | দিনাজপুর ও নীলফামারী | রংপুর জেলা পুলিশ লাইনস্, রংপুর |
| ৬. | খুলনা | খুলনা, বাগেরহাট ও চুয়াডাঙ্গা | যশোর, সাতক্ষীরা ও মেহেরপুর | কুষ্টিয়া, ঝিনাইদহ, মাগুরা ও নড়াইল | পুলিশ ট্রেনিং সেন্টার (পিটিসি), খুলনা |
| ৭. | বরিশাল | বরিশাল ও বরগুনা | পটুয়াখালী ও ঝালকাঠি | পিরোজপুর ও ভোলা | বরিশাল জেলা পুলিশ লাইনস্, বরিশাল |
| ৮. | সিলেট | সিলেট ও মৌলভীবাজার | হবিগঞ্জ ও সুনামগঞ্জ | - | সিলেট জেলা পুলিশ লাইনস্, সিলেট |

৫.২ ওয়েববেজড প্রিলিমিনারি স্ক্রিনিং-এ বাছাইকৃত প্রার্থীদের বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ, সময় ও স্থানে শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষা বা Physical Endurance Test (৭টি ইভেন্ট, যথা- দৌড়, লং জাম্প, হাই জাম্প, পুশ আপ, সিট আপ, ড্র্যাগিং ও রোপ ক্লাইমিং)-এ অংশগ্রহণ করতে হবে। YouTube-এ Bangladesh Police এর Official Channel, Bangladesh Police এর Verified Facebook Page এবং Bangladesh Police Website (www.police.gov.bd)-এ Physical Endurance Test সংক্রান্ত একটি "অনুশীলন ভিডিও" আপলোড করা হয়েছে। আগ্রহী প্রার্থীগণ ভিডিও দেখে প্রস্তুতি গ্রহণ করতে পারবে।

৫.৩ ওয়েববেজড প্রিলিমিনারি স্ক্রিনিং-এর মাধ্যমে বাছাইকৃত যোগ্য প্রার্থীদের শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ ও সময়ে নিজ রেঞ্জাধীন বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরীক্ষাকেন্দ্রের মাঠে নিম্নবর্ণিত কাগজপত্রসহ উপস্থিত থাকতে হবে-

৫.৩.১ Admit Card for Physical Endurance Test: অনলাইন আবেদনের ডাউনলোডকৃত Admit Card for Physical Endurance Test-এর ২ (দুই) কপি;

৫.৩.২ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র: শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/সাময়িক সনদপত্রের মূল কপি;

৫.৩.৩ চারিত্রিক সনদপত্র: সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি;

৫.৩.৪ নাগরিকত্ব সনদপত্র: জেলার স্থায়ী বাসিন্দা/জাতীয়তার প্রমাণস্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত স্থায়ী নাগরিকত্ব সনদপত্রের মূল কপি;

৫.৩.৫ অভিভাবকের সম্মতিপত্র: পিতা-মাতা কিংবা আইনানুগ অভিভাবক কর্তৃক প্রদত্ত সম্মতিপত্র;

৫.৩.৬ জাতীয় পরিচয়পত্র: প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের মূল কপি (যদি প্রার্থীর জাতীয় পরিচয়পত্র না থাকে তাহলে প্রার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের মূল কপি);

৫.৩.৭ ছবি: সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ৩ (তিন) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

৫.৩.৮ বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তানদের বয়স প্রমার্জনের ক্ষেত্রে প্রমাণক: মুক্তিযোদ্ধার নাম লাল মুক্তিবার্তায় থাকলে লাল মুক্তিবার্তার সত্যায়িত অনুলিপি/মুক্তিযোদ্ধার নাম ভারতীয় তালিকায় থাকলে ভারতীয় তালিকার সত্যায়িত অনুলিপি/মুক্তিযোদ্ধার নামে জারীকৃত গেজেটের মূল কপি;

৫.৩.৯ বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তানদের বয়স প্রমার্জনের ক্ষেত্রে প্রত্যয়নপত্র: প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তান হলে তিনি যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল কপি;

৫.৩.১০ চাকরিজীবী প্রার্থী হলে কর্তৃপক্ষের অনুমতিপত্র: সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র; এবং

৫.৩.১১ কম্পিউটার প্রশিক্ষণের অভিজ্ঞতা সনদপত্র: MS Office, Web Browsing এবং Troubleshooting-এর উপর ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণের অভিজ্ঞতা সনদপত্রের মূল কপি।

## ৬. লিখিত ও মনস্তত্ত্বসহ কম্পিউটার দক্ষতা এবং বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনের নিয়মাবলি

৬.১ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষা বা Physical Endurance Test এর ৭টি ইভেন্টে উত্তীর্ণ প্রার্থীদের সকল প্রাতিষ্ঠানিক সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, কম্পিউটার সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স ও মুক্তিযোদ্ধা সনদসহ অন্যান্য তথ্যাদি ব্যবহার করে লিখিত ও মনস্তত্ত্বসহ কম্পিউটার দক্ষতা এবং বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদন করতে হবে;

৬.২ প্রথম ধাপ:

৬.২.১ http://police.teletalk.com.bd লিংকে প্রার্থীকে তার ব্যবহৃত USER ID এবং PASSWORD দিয়ে লগইন করে নির্ধারিত আবেদনফরম পূরণ করতে হবে;

৬.২.২ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অনলাইনে আবেদনের সময়সীমা ১৭ ডিসেম্বর ২০২১ সকাল ১০.০০ ঘটিকা হতে ২১ ডিসেম্বর ২০২১ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত বহাল থাকবে;

৬.২.৩ বর্ণিত আবেদনফরম পূরণের ৭২ ঘণ্টার মধ্যে যে কোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর হতে পরীক্ষা ফি ও চার্জ বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) জমা দিতে হবে;

৬.২.৪ অনলাইন আবেদনফরমে পূরণকৃত তথ্যাদি পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে বিধায় অনলাইনে আবেদনফরম সাবমিট করার পূর্বে সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে; এবং

৬.২.৫ প্রার্থীকে অনলাইনে পূরণকৃত আবেদনফরমের একটি রঙিন/সাদাকালো প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে।

৬.৩ দ্বিতীয় ধাপ:

৬.৩.১ প্রত্যেক প্রার্থীকে তার USER ID ব্যবহার করে কমপক্ষে ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা ব্যালেন্স রয়েছে এমন যে কোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর হতে দুইটি এসএমএস (SMS) করতে হবে;

প্রথম এসএমএস (SMS): SIP<space>USER ID লিখে 16222 নম্বরে Send করতে হবে; Example: SIP LMNOPQ

Reply: "Applicant's Name", TK 350/- will be charged as application fee with charge for Cadet Sub-Inspector (Unarmed) Recruitment Application. Your PIN NUMBER is xxxxxxxxxx (10 digits). To pay fee, type SIP<space>YES<space>PIN NUMBER & Send to 16222.

দ্বিতীয় এসএমএস (SMS): SIP<space>YES<space>PIN NUMBER লিখে 16222 নম্বরে Send করতে হবে;

Example: SIP YES 2345678901

Reply: Congrats! "Applicant's Name", payment completed successfully for the application of Cadet Sub-Inspector (Unarmed) Recruitment Examination. USER ID is (LMNOPQ) and PASSWORD is (xxxxxxxxxx).

৬.৩.২ পরীক্ষার ফি ও চার্জ জমা প্রদানপূর্বক প্রার্থীদের অনলাইন হতে লিখিত ও মনস্তত্ত্বসহ কম্পিউটার দক্ষতা পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। উক্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের পরবর্তীকালে বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র প্রদান করা হবে।

## ৭. লিখিত ও মনস্তত্ত্বসহ কম্পিউটার দক্ষতা এবং বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র বা Admit Card সংগ্রহকরণ

৭.১ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষা বা Physical Endurance Test এর ৭টি ইভেন্টে উত্তীর্ণ প্রার্থীদের এসএমএস (SMS)-এ প্রেরিত USER ID এবং PASSWORD ব্যবহার করে http://police.teletalk.com.bd লিংকে প্রবেশকরত রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষাকেন্দ্রের নামসহ অন্যান্য তথ্যাদি সংবলিত Admit Card for Cadet Sub-Inspector (Unarmed) Recruitment Examination, 2021 ডাউনলোডকরত এক কপি প্রিন্ট করতে হবে; এবং

৭.২ লিখিত ও মনস্তত্ত্বসহ কম্পিউটার দক্ষতা এবং বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই এ প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।

## ৮. লিখিত ও মনস্তত্ত্ব পরীক্ষা

শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্ধারিত পরীক্ষাকেন্দ্রে নিম্নোক্ত তারিখ ও সময়সূচি অনুযায়ী ৩টি বিষয়ে মোট ২৫০ নম্বরের লিখিত ও মনস্তত্ত্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে-

| ক্রম | পরীক্ষার বিষয় | পূর্ণমান | পরীক্ষার তারিখ | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১. | ইংরেজি এবং বাংলা রচনা ও কম্পোজিশন | ১০০ নম্বর | ২৭ ডিসেম্বর ২০২১ | সকাল ১০.০০ টা হতে ১৩.০০ টা পর্যন্ত |
| ২. | সাধারণ জ্ঞান ও গণিত | ১০০ নম্বর | ২৮ ডিসেম্বর ২০২১ | সকাল ১০.০০ টা হতে ১৩.০০ টা পর্যন্ত |
| ৩. | মনস্তত্ত্ব | ৫০ নম্বর | ২৯ ডিসেম্বর ২০২১ | সকাল ১০.০০ টা হতে ১১.০০ টা পর্যন্ত |

## ৯. কম্পিউটার দক্ষতা পরীক্ষা

লিখিত ও মনস্তত্ত্ব পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্ধারিত স্থান, তারিখ ও সময়সূচি অনুযায়ী কম্পিউটার দক্ষতা পরীক্ষা (MS Office, Web Browsing and Troubleshooting)-এ অংশগ্রহণ করতে হবে।

## ১০. বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষা

১০.১ লিখিত ও মনস্তত্ত্বসহ কম্পিউটার দক্ষতা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্ধারিত স্থান, তারিখ ও সময়সূচি অনুযায়ী ৫০ নম্বরের বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে উত্তীর্ণ প্রার্থীকে USER ID এবং PASSWORD ব্যবহার করে http://police.teletalk.com.bd লিংকে প্রবেশকরত বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে; এবং

১০.২ লিখিত ও মনস্তত্ত্বসহ বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নিয়োগবিধি মোতাবেক উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল প্রকাশ করা হবে।

## ১১. স্বাস্থ্য পরীক্ষা

লিখিত ও মনস্তত্ত্বসহ বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, ঢাকায় নির্ধারিত তারিখ ও সময়ে পূরণকৃত চিকিৎসার ইতিবৃত্ত ফরম দাখিলপূর্বক স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে উত্তীর্ণ প্রার্থীকে USER ID এবং PASSWORD ব্যবহার করে http://police.teletalk.com.bd লিংকে প্রবেশকরত চিকিৎসার ইতিবৃত্ত ফরম সংগ্রহ করতে হবে।

## ১২. পুলিশ ভেরিফিকেশন

১২.১ লিখিত ও মনস্তত্ত্বসহ বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণের সময় পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফরম দাখিল করতে হবে। এ ক্ষেত্রে উত্তীর্ণ প্রার্থীকে USER ID এবং PASSWORD ব্যবহার করে http://police.teletalk.com.bd লিংকে প্রবেশকরত পুলিশ ভেরিফিকেশন ফরম সংগ্রহ করতে হবে; এবং

১২.২ পুলিশ ভেরিফিকেশনে কোনো প্রার্থী সন্তোষজনক বিবেচিত হলেই কেবল প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে মনোনীত করা হবে।

## ১৩. মৌলিক প্রশিক্ষণের জন্য চূড়ান্ত মনোনয়ন

সিলেকশন বোর্ড কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও পুলিশ ভেরিফিকেশন সম্পন্নের পর সন্তোষজনক বিবেচনান্তে মৌলিক প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে মনোনীত করা হবে। এ ক্ষেত্রে পুলিশ ভেরিফিকেশন ফরমে প্রার্থী কোনো তথ্য গোপন করলে বা অসম্পূর্ণ, ভুল কিংবা মিথ্যা তথ্য প্রদান করলে তাকে প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে মনোনীত করা হবে না।

## ১৪. মৌলিক প্রশিক্ষণ

ক্যাডেট সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র) হিসেবে নির্বাচিত প্রার্থীদের বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহীতে ১ (এক) বছর মেয়াদি মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

## ১৫. প্রশিক্ষণকালীন সুযোগ-সুবিধাদি

১৫.১ প্রশিক্ষণকালীন বিনামূল্যে আহার, বাসস্থান, ইউনিফর্ম ও চিকিৎসা সেবা প্রদান করা হবে। এ ছাড়া প্রশিক্ষণার্থীরা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবে;

১৫.২ ক্যাডেট সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র) পদে নির্বাচিত প্রার্থীদের মধ্যে কেউ ১ (এক) বছর মেয়াদি মৌলিক প্রশিক্ষণ গ্রহণের জন্য নির্ধারিত তারিখে বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদায় উপস্থিত না হলে প্রার্থী চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে বিবেচিত হবে। এ ক্ষেত্রে পরবর্তীকালে তার উক্ত প্রশিক্ষণ গ্রহণ বা চাকরিতে প্রবেশের আর কোনো সুযোগ থাকবে না; এবং

১৫.৩ প্রশিক্ষণকালীন অথবা পরবর্তীকালে প্রার্থী প্রদত্ত যে কোনো তথ্য গোপন বা অসম্পূর্ণ কিংবা ভুল বা মিথ্যা প্রমাণিত হলে তাকে প্রশিক্ষণ/চাকরি হতে বরখাস্তকরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ১৬. নিয়োগ ও চাকরির সুবিধাদি

১৬.১ সফলতার সাথে ১ (এক) বছর মেয়াদি মৌলিক প্রশিক্ষণ সমাপ্তির পর ২০১৫ সনের জাতীয় বেতন স্কেলের ১০ম গ্রেড : ১৬০০০-৩৮৬৪০/- টাকাসহ প্রাপ্য অন্যান্য সুবিধাদি প্রদানের শর্তে শিক্ষানবিশ সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র) পদে নিয়োগ প্রদান করা হবে;

১৬.২ নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের যে কোনো জেলা/ইউনিটের শূন্যপদের বিপরীতে বদলি করা হলে তারা উক্ত জেলা/ইউনিটে সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র)-এর শূন্যপদে যোগদান করতে বাধ্য থাকবে;

১৬.৩ শিক্ষানবিশ সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র) পদে নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষানবিশকাল সমাপ্ত না হওয়া পর্যন্ত অবশ্যই অবিবাহিত থাকতে হবে;

১৬.৪ বিনামূল্যে পোশাক সামগ্রী, ঝুঁকি ভাতা, চিকিৎসা সুবিধা এবং নিজ ও পরিবারের নির্ধারিত সংখ্যক সদস্যদের জন্য প্রাপ্যতা অনুযায়ী পারিবারিক রেশন সামগ্রী স্বল্প মূল্যে প্রাপ্য হবে; এবং

১৬.৫ প্রচলিত নিয়মানুযায়ী উচ্চতর পদে পদোন্নতিসহ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে দায়িত্ব পালনের সুযোগ রয়েছে।

## ১৭. সাধারণ নির্দেশনাবলি

১৭.১ কর্তৃপক্ষ সার্বিক অবস্থা বিবেচনায় নিয়োগযোগ্য পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধিকরণসহ পরীক্ষার সময়সূচি পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন;

১৭.২ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো প্রার্থীর নিয়োগ/আবেদনফরম বাতিলের অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৭.৩ শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিষয়ে কোনো প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্যাদি সম্পর্কে তদন্তে কিংবা তদন্ত পরবর্তীকালে কোনো বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে উক্ত প্রার্থীকে প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরিচ্যুত/চাকরি হতে বরখাস্তকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৭.৪ প্রযোজ্য ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তানদের বয়স প্রমার্জনের ক্ষেত্রে প্রমাণক হিসেবে দাখিলকৃত কাগজপত্র যাচাইঅন্তে সঠিক পাওয়া না গেলে তাদেরকে প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরিচ্যুত/চাকরি হতে বরখাস্তকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তানদের প্রমাণক হিসেবে দাখিলকৃত দলিলাদি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে একবার জাল/ভুয়া প্রমাণিত হলে তা পুনঃযাচাইয়ের কোনো সুযোগ নেই;

১৭.৫ ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/ভুল কিংবা মিথ্যা তথ্য সংবলিত আবেদনফরম বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত/নিয়োগকৃত/প্রশিক্ষণরত/চাকরিরত অর্থাৎ যে কোনো পর্যায়ে কোনো প্রার্থী কর্তৃক দাখিলকৃত মিথ্যা/ভুল/ত্রুটিপূর্ণ/বিলম্বে প্রাপ্ত তথ্যে প্রার্থীর কোনো প্রতারণা প্রমাণিত হলে তাকে নিয়োগের অযোগ্য/বহিষ্কার/চাকরিচ্যুত/বরখাস্তকরণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৭.৬ চাকরিতে প্রবেশকালীন প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র (বিভিন্ন সনদ/প্রত্যয়নপত্র) ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম সম্পন্নের পরে ইস্যুকৃত বা নূতনভাবে অন্য কোনো কাগজপত্রের ভিত্তিতে সাব-ইন্সপেক্টর অব পুলিশ (নিরস্ত্র) পদে পরবর্তীকালে নিয়োগ প্রদানের কোনো সুযোগ নেই;

১৭.৭ কোনো প্রার্থী বাংলাদেশ পুলিশ/অন্য কোনো শৃঙ্খলা বাহিনী/কোনো সরকারি চাকরি হতে বহিষ্কৃত/চাকরিচ্যুত/বরখাস্ত হয়ে থাকলে প্রার্থী বর্ণিত পদে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে;

১৭.৮ অনলাইন আবেদনফরমে উল্লিখিত প্রার্থীর মোবাইল নম্বরে নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীর মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, পরীক্ষা সংশ্লিষ্ট এসএমএস (SMS) পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করতে হবে; এবং

১৭.৯ প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

মোহাম্মদ মাহফুজুর রহমান আল-মামুন বিপিএম, পিপিএম
বিপি-৮১০৬১১২৩৮১
এআইজি, রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

**আপনি কি সৎ, সাহসী এবং দেশের জন্য যে কোনো চ্যালেঞ্জ গ্রহণে সক্ষম?**

**তাহলে আপনাকেই খুঁজছে বাংলাদেশ পুলিশ...**

বিশেষ দ্রষ্টব্য: শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে। অতিমারি কোভিড-১৯ প্রতিরোধে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে আগ্রহী প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। সকল প্রার্থীকে মাস্ক পরিহিত অবস্থায় পরীক্ষাকেন্দ্রের মাঠে উপস্থিত হতে হবে। শরীরের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি হলে প্রার্থীকে মাঠে প্রবেশ করতে দেয়া হবে না। জনসমাগম এড়ানোর লক্ষ্যে অভিভাবকদের শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষাকেন্দ্রের মাঠে আগমন সম্পূর্ণ নিষিদ্ধ।